গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১১৭.৩৭.০২৯.১২-২৭৬

তারিখ : ১৫-১২-২০১৯ খ্রিস্টাব্দ

## বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের অনলাইন সুবিধাসম্পন্ন ব্যাংকে হিসাব খোলা সংক্রান্ত সাধারণ বিজ্ঞপ্তি

দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে (মাদ্রাসা বোর্ড ব্যতীত) অধ্যয়নরত বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, গত ১৭/০৬/২০১৯ তারিখে অর্থ মন্ত্রণালয়ের ৩৭.০০.০০০০.১০২.২০.০১৮.১৫-২৪৬ সংখ্যক স্মারকের সিদ্ধান্ত মোতাবেক বিভিন্ন শ্রেণিতে অধ্যয়নরত ২০১৯ সাল এবং পূর্ববর্তী বিভিন্ন সালের বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের বরাদ্দকৃত অর্থ জি-টু-পি (E.F.T.)-এর আওতায় অনলাইনে সরাসরি শিক্ষার্থীদের ব্যাংক হিসাবে (Bank Account) প্রেরণ করা হবে।

বিগত ০৪/০২/২০১৬ তারিখে শিক্ষা মন্ত্রণালয়ের ৩৭.০০.০০০০.০৭১.০৮.০০১.০৫-১১২ সংখ্যক স্মারক মোতাবেক নিম্নে বর্ণিত বিভিন্ন ক্যাটাগরির বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের বরাদ্দকৃত অর্থ তাদের ব্যাংক হিসাবে প্রেরণের নিমিত্তে আগামী ০৯/০১/২০২০ তারিখের মধ্যে বাংলাদেশের অনলাইন সুবিধাসম্পন্ন যেকোনো তফসিলভুক্ত ব্যাংকে শিক্ষার্থীদের নিজ নামে ব্যাংক হিসাব খোলার জন্য বলা হলো।

- ক ক্যাটাগরি - মেধা ও সাধারণ বৃত্তি;
- খ ক্যাটাগরি- সংখ্যালঘু সম্প্রদায়, উপজাতীয় উপবৃত্তি;
- গ ক্যাটাগরি- দৃষ্টি প্রতিবন্ধী, প্রতিবন্ধী (দৃষ্টি ও অটিস্টিক ব্যতীত) ও অটিস্টিক উপবৃত্তি এবং
- ঘ ক্যাটাগরি- পেশামূলক উপবৃত্তি;

এখানে উল্লেখ্য যে, ব্যাংক হিসাব ব্যতীত অন্য কোনো পদ্ধতিতে বৃত্তির অর্থ প্রেরণ/উত্তোলন করা সম্ভব হবে না।

১৫/১২/১৯
(প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক)
মহাপরিচালক
ফোন: ৯৫৫৩৫৪২

## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

স্মারক নম্বর: বৃত্তি/মিলবাস/৭১৪

তারিখ: ৮/১/২০২০

বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের অনলাইন সুবিধাসম্পন্ন ব্যাংকে হিসাব খোলা সংক্রান্ত মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (মা:উ:শি) থেকে প্রাপ্ত উপরোক্ত বিজ্ঞপ্তিটি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহীর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষ এবং প্রধান শিক্ষকদের অবগতি ও জ্ঞাতার্থে অত্র বোর্ডের ওয়েবসাইটে প্রচার করা হলো।

চেয়ারম্যানের আদেশক্রমে-

০৬/০১/২০২০

(এস.এম. গোলাম আজম)
প্রধান মূল্যায়ন অফিসার (চলতি দায়িত্ব)
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
ইমেইল azamraj8486@gmail.com
টেলিফোন: ০৭২১-৭৭ ০৩ ১১ (অফিস)

৭/১/২০২০